

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
উন্নয়ন সমন্বয় অধিশাখা

জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রণয়ন উপকমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ	জনাব এম এম জিয়াউল আলম সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ
সভার স্থানঃ	সাভারস্থ ব্র্যাক সিডিএম সম্মেলন কক্ষ
তারিখ ও সময়ঃ	০৫ মে ২০১৭ (শুক্রবার) সকাল ১১.০০ ঘটিকা

**উপস্থিতিঃ পরিশিষ্ট-ক**

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (NSSS) বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রণয়ন উপকমিটির সকল সদস্য এবং কর্মপরিকল্পনা প্রণয়নে সহযোগিতা প্রদানকারি এবং সংশ্লিষ্ট অন্যান্য সকলকে সভায় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানান। অতঃপর তিনি খসড়া কর্মপরিকল্পনাটি উপস্থাপনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের এস এস পি এস প্রোগ্রাম সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ করেন।

২। এস এস পি এস প্রোগ্রামের সোশাল প্রটেকশন স্পেশালিস্ট খসড়া কর্মপরিকল্পনা এবং NSSS এর সংশ্লিষ্ট অংশসমূহ পাওয়ার পয়েন্ট স্লাইডের মাধ্যমে উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন, মন্ত্রণালয়/বিভাগসমূহ কর্তৃক প্রেরিত তথ্যাদির পরিপ্রেক্ষিতে প্রস্তুতকৃত কর্মপরিকল্পনার খসড়াটির ওপর গত মাসে মন্ত্রিপরিষদ বিভাগে পাঁচদিন মেয়াদি একটি কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় খসড়াটি পরিমার্জন করে বর্তমান পর্যায়ে আনা হয়েছে মর্মে তিনি জানান। সংশোধিত খসড়াটি পর্যালোচনার জন্য কর্মপরিকল্পনা উপকমিটির সদস্যগণের উপস্থিতিতে ৪ মে ২০১৭ তারিখ এবং অদ্য সকালে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় প্রাপ্ত মতামতের ভিত্তিতে খসড়াটি পুনরায় পরিমার্জন করা হয়েছে।

৩। পরিমার্জিত খসড়াটি এস এম সি'র পরবর্তী সভায় উপস্থাপন করা যায় কিনা সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় সদস্যগণ মতামত প্রকাশ করেন যে এটি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহে পুনরায় মতামতের জন্য প্রেরণ করা যেতে পারে। তাছাড়া, পাঁচটি থিমের ক্লাস্টারের সভায়ও এ কর্মপরিকল্পনার বিষয়ে আলোচনা হওয়া রয়েছে মর্মে সকলে মতামত ব্যক্ত করেন। এ লক্ষ্যে খসড়াটি থিমের ক্লাস্টারসমূহের সমন্বয়ক পাঁচটি মন্ত্রণালয়ে প্রেরণপূর্বক জরুরিভিত্তিতে ক্লাস্টার কমিটির সভা অনুষ্ঠান করে সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা যেতে পারে সকলে ঐকমত্য প্রকাশ করেন। তবে মন্ত্রণালয়সমূহের মতামত ও থিমের ক্লাস্টারসমূহের সভা আয়োজনে যাতে অতিরিক্ত সময় নষ্ট না হয় সে বিষয়ে লক্ষ্য রাখার জন্য সভাপতি অনুরোধ করেন। সার্বিক প্রকৃয়া এক মাসের মধ্যে সম্পন্ন করতে সকলকে উদ্যোগ গ্রহণের অনুরোধ করা হয়।

৪। এস এস পি এস প্রোগ্রামের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান কর্মপরিকল্পনাটি আগামী সি এম সি'র সভায় উপস্থাপনে সুবিধার জন্য সচিব (সমন্বয় ও সংস্কার)-এর জন্য একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রস্তুত করা হয়েছে। উপস্থাপনাটি সভায় বিস্তারিতভাবে পর্যালোচনা করা হয়। সভায় আলোচনার আলোকে এটি সংশোধন করে সি এম সি'র সভায় ব্যবহার করা যেতে পারে মর্মে সকলে মতামত ব্যক্ত করেন।

৫। সভায় সামাজিক নিরাপত্তা কার্যক্রমসমূহের সেবা বিতরণ পদ্ধতি সুসংহত করার প্রকৃয়া সম্পর্কে আলোচনা হয়। এ পরিপ্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান তাঁর মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন স্থানে ইতোমধ্যে ডিজিটাল পদ্ধতিতে ভাতা বিতরণ কার্যক্রম চালু করা হয়েছে, সুবিধাভোগী ডাটাবেইজ এবং এম আই এস ডিজিটাইজ করা হয়েছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান তাঁর মন্ত্রণালয়ে প্রাথমিক স্টাইপেন্ড ডিজিটাল চ্যানেলে বিতরণ ব্যবস্থা চালু করা হয়েছে। সামাজিক নিরাপত্তা কার্যক্রমসমূহের সেবা বিতরণ পদ্ধতি উন্নয়নের বিষয়ে সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং সমাজ সেবা অধিদপ্তরে বিস্তারিত কর্মশালা আয়োজন করার পরিকল্পনা রয়েছে মর্মে সভায় অবহিত করা হলে সকলে এ উদ্যোগকে স্বাগত জানান এবং এস এস পি এস প্রোগ্রাম থেকে এ বিষয়ে কারিগরি ও সম্ভাব্য অন্যান্য সহযোগিতা প্রদানের অনুরোধ করা হয়।

### সিদ্ধান্তঃ

৬। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলের কর্মপরিকল্পনার সংশোধিত খসড়ার উপর মতামত প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহকে অনুরোধ করা হবে;

খ) খসড়া কর্মপরিকল্পনার বিষয়ে মতামত প্রদানের নিমিত্ত সামাজিক নিরাপত্তা সংক্রান্ত থিমটিক ক্লাস্টারসমূহের সমন্বয়ক পাঁচটি মন্ত্রণালয়কে জরুরিভিত্তিতে ক্লাস্টার কমিটির সভা আয়োজনপূর্বক সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল;

গ) কর্মপরিকল্পনাটি আগামী সি এম সি'র সভায় উপস্থাপন করা যেতে পারে এবং এ বিষয়ে সচিব (সমন্বয় ও সংস্কার) পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করতে পারেন। এ লক্ষ্যে প্রস্তুতকৃত পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনটি অদ্যকার সভায় আলোচনা মোতাবেক প্রয়োজনীয় পরিমার্জন সাপেক্ষে ব্যবহার করা যেতে পারে;

ঘ) সভায় সামাজিক নিরাপত্তা কার্যক্রমসমূহের সেবা বিতরণ পদ্ধতি সুসংহত করার বিষয়ে সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং সমাজ সেবা অধিদপ্তরে দুইটি বিস্তারিত কর্মশালা আয়োজনের জন্য এস এস পি এস প্রোগ্রাম থেকে কারিগরি ও সম্ভাব্য অন্যান্য সহযোগিতা প্রদানের অনুরোধ করা হল।

৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

(এন এম জিয়াউল আলম)

সচিব (সমন্বয় ও সংস্কার)

মন্ত্রিপরিষদ বিভাগ